গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
Web site: www.blcollege.edu.bd
দূরালাপনী ঃ ৭৬২৯৪৪
e-mail: infoblcollege@gmail.com

বিজ্ঞপ্তি

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-২৭৬ তারিখ ১৫/১২/২০১৯ খ্রি. মোতাবেক বর্তমান অর্থ বছরে (২০১৯-২০২০) সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় অধ্যয়নরত (একাদশ, দ্বাদশ, স্নাতক (পাস), স্নাতক (সম্মান), স্নাতকোত্তর ১ম ও শেষপর্ব শ্রেণীর) নিয়মিত কোর্সের ছাত্র-ছাত্রীদের মেধা ও সাধারণ বৃত্তি, হিন্দু তফসিলী, বৌদ্ধ, খ্রীষ্টান, উপজাতি, সমর, অন্ধ ও প্রতিবন্ধি উপবৃত্তি প্রদানের লক্ষ্যে তফসিলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীদের নিজ নামে ব্যাংক হিসাব নম্বর খোলার নির্দেশ প্রদান করা হয়েছিল এবং তাদের উপবৃত্তি ইতোমধ্যেই অনলাইনের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (ব্যাংক একাউন্টে) প্রেরণ করা হয়েছে। **কিছু কিছু শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরসহ যথাযথ ডাটা এন্ট্রি না থাকায় এখনও তাদের ব্যাংক হিসাবে (ব্যাংক একাউন্টে) প্রেরণ করা সম্ভব হয়নি।** এ লক্ষ্যে সরকারি ব্রজলাল কলেজ, খুলনা হতে যে সকল শিক্ষার্থী মেধা ও সাধারণ বৃত্তি (বোর্ড কর্তৃক প্রদত্ত) এবং হিন্দু তফসিলী, বৌদ্ধ, খ্রীষ্টান, উপজাতি, সমর, অন্ধ ও প্রতিবন্ধি উপবৃত্তি এখনও পাইনি তাদেরকে আগামী ২৮.১০.২০২০ তারিখের মধ্যে বর্ণিত কাগজপত্রসহ কলেজ অফিসে যোগাযোগ করতে বলা হলো।

প্রদেয় কাগজপত্রঃ

১। হিসাব নম্বর খোলার কাগজপত্র।
২। ছাত্র-ছাত্রী অথবা পিতা/ মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৩। ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের ক্ষেত্রে তাদের পিতা/মাতা/ আইনসম্মত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৪। বোর্ড বৃত্তি প্রাপ্যতার গেজেটের ফটোকপি।
৫। এসএসসি/ এইচএসসি পাসের নম্বর পত্রের ফটোকপি।
৬। কলেজ পরিচয়পত্রের ফটোকপি।
৭। ব্যাংক লেনদেন সিট।

শ্রেণি ও শিক্ষাবর্ষসমূহঃ

১। মেধা ও সাধারণ বৃত্তিঃ

(ক) উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণি (২০১৯-২০২০ শিক্ষাবর্ষ)।
(খ) উচ্চ মাধ্যমিক দ্বাদশ শ্রেণি (২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ)।
(গ) ১ম বর্ষ অনার্স ও ডিগ্রী পাস কোর্স (২০১৯-২০২০ শিক্ষাবর্ষ)।
(ঘ) ২য় বর্ষ অনার্স ও ডিগ্রী পাস কোর্স (২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ)।
(ঙ) ৩য় বর্ষ অনার্স ও ডিগ্রী পাস কোর্স (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ)।
(চ) ৪র্থ বর্ষ অনার্স (২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ)।

২। তফসিলী উপবৃত্তি সকল প্রকার ঃ উচ্চ মাধ্যমিক, অনার্স, ডিগ্রী পাস ও স্নাতকোত্তর (১ম ও শেষপর্ব) নিয়মিত কোর্সের ছাত্র-ছাত্রী।

17.10.2020
(প্রফেসর কে এম আলমগীর হোসেন)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা